ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
প্রশাসনিক ভবন-০৩ (৮ম তলা)
ওয়েস্ট ধানমন্ডি বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি.কামিল কেন্দ্র.জার্নাল.২০২২.ভলি-০১.০০৫.পার্ট নথি-০১.০০১২৪ তারিখ: ২০ আষাঢ়, ১৪৩১ / ০৪ জুলাই, ২০২৪

# বিজ্ঞপ্তি

'ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় জার্নাল' প্রকাশের জন্য শিক্ষা, দর্শন, সাহিত্য, ইতিহাস, সংস্কৃতি, সমাজ, রাষ্ট্র, মাদরাসা শিক্ষা ইত্যাদি বিষয়ে ইসলামি দৃষ্টিভঙ্গি অনুযায়ী গবেষণা প্রবন্ধ আহ্বান করা যাচ্ছে। আগ্রহী গবেষকগণকে নিম্নে বর্ণিত ঠিকানায় ও ই-মেইলে (পিডিএফ ও ওয়ার্ড ফাইল) আগামী ৩১ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে প্রবন্ধ জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

## নিয়মাবলী

### ভাষা ও বানান রীতি

১. প্রবন্ধের ভাষা হবে বাংলা/আরবি/ইংরেজি। তবে অন্যান্য ভাষার উদ্ধৃতি প্রদান করা যাবে।
২. বাংলা ভাষায় রচিত প্রবন্ধের ভাষা হবে চলতি ভাষা।
৩. আল-কুরআনের বাংলা অনুবাদের ক্ষেত্রে 'ইসলামিক ফাউন্ডেশন' নির্দেশিত অনুবাদ অনুসরণ করতে হবে। তবে তা চলিত রূপে উপস্থাপন করতে হবে।
৪. প্রবন্ধ রচনার ক্ষেত্রে 'বাংলা একাডেমি' কর্তৃক প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসরণ করতে হবে অথবা সংসদ বাঙ্গালা অভিধান, ব্যবহারিক বাংলা অভিধান, চলন্তিকা প্রভৃতি অভিধানের প্রথমভুক্তি (Entry) অনুসরণ করা বাঞ্ছনীয়।
৫. আরবি, উর্দু ও ফার্সি প্রতিবর্ণায়নের ক্ষেত্রে 'ইসলামিক ফাউন্ডেশন' এর বানান-রীতি অনুসরণ করা যাবে।
৬. আল-কুরআন, আল-হাদিস ও আরবি ভাষায় রচিত গ্রন্থ হতে সরাসরি উদ্ধৃতির ক্ষেত্রে অবশ্যই হরকত দিতে হবে।
৭. ভিন্ন ভাষার উদ্ধৃতির ক্ষেত্রে প্রবন্ধ সংশ্লিষ্ট ভাষায় অনুবাদ দিতে হবে।
৮. উদ্ধৃতির ক্ষেত্রে মূল বানানের কোনো পরিবর্তন হবে না। তবে প্রবন্ধকার কোনো বিশেষ বানান-বৈশিষ্ট্য রক্ষায় সচেষ্ট হলে তা অক্ষুণ্ন রাখা হবে।

### পাণ্ডুলিপি রচনা ও উদ্ধৃতি উপস্থাপন

১. উদ্ধৃতি উপস্থাপনের ক্ষেত্রে APA Style বা The Chicago Manual of Style অথবা অন্য কোনো স্বীকৃত পদ্ধতি অনুসরণ করে প্রবন্ধ উপস্থাপন করতে হবে।
২. প্রবন্ধের ভেতরে অধ্যায় (Chapter) ও উপ-অধ্যায় (Sub-Chapter) থাকলে সেগুলো আরবি সংখ্যারীতি অবলম্বনে ১.; ১.১; ১.১.১/১. ক. খ. গ... পদ্ধতিতে সাজাতে হবে।
৩. পাণ্ডুলিপি অবশ্যই লেখক/লেখকগণের মৌলিক গবেষণা (Original Research) হতে হবে।
৪. লেখার ভেতরে সারণি (Table), গ্রাফ ও চিত্র ইত্যাদি থাকলে সেগুলোর পর্যায়ক্রমিক নম্বর সন্নিবেশিত থাকতে হবে।
৫. টীকা ও বক্তব্যের উৎস স্বতন্ত্রভাবে উল্লেখ করতে হবে। মূল প্রবন্ধের লেখায় অতিরিক্ত টীকা (Note) প্রদানের প্রয়োজন হলে সংশ্লিষ্ট অভিধার উপর ঊর্ধ্বলেখায় (Superscript) নম্বর প্রদান করে (যেমন, ইসতিহসান[১]) অন্ত্য-টীকা' (end-note) হিসেবে প্রদান করতে হবে। তবে অন্ত্য-টীকার ফন্টের আকার হবে ১০। বক্তব্য ও উৎস উল্লেখের ক্ষেত্রে সরাসরি গ্রন্থ/প্রবন্ধ লেখকের নাম, প্রকাশকাল ও পৃষ্ঠা নম্বর উল্লেখ করতে হবে।
৬. মূলপাঠের মধ্যে উদ্ধৃতি তিন লাইনের বেশি হলে পৃথক অনুচ্ছেদে তা উপস্থাপন করতে হবে। কবিতার উদ্ধৃতির ক্ষেত্রে মূল কবিতার পঙক্তি-বিন্যাস রক্ষা করতে হবে।

৭. বই ও পত্রিকার নাম বাঁকা *(Italic)* হবে (যেমন, বই: *ফাতহুল বারী,* পত্রিকা: *জার্নাল অব ড. সিরাজুল হক ইসলামিক রিসার্চ সেন্টার*)। বিদেশি শব্দ বাংলা বর্ণীকরণের নিয়ম অনুযায়ী লিখতে হবে।

৮. প্রবন্ধের টীকা এবং তথ্যসূত্র প্রবন্ধের শেষে সংযোজিত হবে।

৯. শুরুতে প্রবন্ধের উদ্দেশ্য, ব্যবহৃত গবেষণা পদ্ধতি ও প্রাপ্ত ফলাফল সম্পর্কে অনুর্ধ্ব ২০০ শব্দের মধ্যে ইংরেজিতে একটি সারসংক্ষেপ (Abstract) থাকতে হবে। পাশাপাশি সারসংক্ষেপটি প্রবন্ধের ভাষায় অনুবাদ করতে হবে। সারসংক্ষেপের অব্যবহিত পরে ০৫ (পাঁচ) টি মূলশব্দ (Keywords) উল্লেখ করতে হবে।

১০. লিখিত প্রবন্ধের প্রতি পৃষ্ঠার ডান দিকের উপরে প্রবন্ধের সংক্ষিপ্ত নাম যোগ করতে হবে।

১১. প্রবন্ধে কোনো রকমের চৌর্যবৃত্তির (Plagiarism) আশ্রয় নেওয়া যাবে না। এটি প্রমাণিত হলে প্রবন্ধটি সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২. প্রবন্ধে Paraphrase এবং Literature Review-এর ক্ষেত্রে মূলভাব অক্ষুণ্ন রেখে নিজস্ব ভাষা ব্যবহার করতে হবে।

১৩. বাংলার জন্য বিজয় কি-বোর্ড এর Sutonny MJ টাইপ/ফন্ট এবং ইংরেজির জন্য Time New Roman টাইপ/ফন্ট এবং আরবি টাইপ/ফন্টের ক্ষেত্রে Traditional Arabic ফন্ট ব্যবহার করতে হবে। কাগজের সাইজ হবে A4। প্রতি পৃষ্ঠায় মার্জিন, উপরে ২ ইঞ্চি, নিচে ২ ইঞ্চি, ডানে ১.৬৫ ইঞ্চি এবং বামে ১.৬৫ ইঞ্চি। সিঙ্গেল স্পেসে বাংলা ১৪ ও ইংরেজিতে ১২ এবং আরবিতে ১৫ পয়েন্ট।

১৪. যৌথ রচনা হলে আলাদা পৃষ্ঠায় লেখকগণের কে কোন অংশ রচনা করেছেন বা প্রবন্ধ প্রণয়নে কার কতটুকু অবদান তার বিবরণ দিতে হবে।

১৫. বাংলা ও আরবি প্রবন্ধের শিরোনাম-এর ইংরেজিতে অনুবাদ থাকতে হবে।

১৬. প্রবন্ধে লেখকের পেশাগত পরিচয়, প্রতিষ্ঠানের নাম, জাতীয় পরিচয়পত্র, স্থায়ী ও বর্তমান ঠিকানা (ফোন/মোবাইল নম্বর, ই-মেইলসহ) থাকতে হবে।

১৭. প্রত্যেক প্রবন্ধের সঙ্গে লেখককে এই মর্মে একটি প্রত্যয়ন পত্র দিতে হবে যে,
ক) জমাকৃত প্রবন্ধের লেখক একমাত্র তিনি/তারা।
খ) এটি একটি মৌলিক গবেষণা প্রবন্ধ।
গ) প্রবন্ধটি ইতঃপূর্বে অন্য কোনো জার্নালে মুদ্রিত হয়নি কিংবা প্রকাশের জন্য অন্য কোনো জার্নালে জমা দেয়া হয়নি এবং এই প্রবন্ধের বিষয়ে সকল দায়-দায়িত্ব লেখক নিজে বহন করবেন।

<u>প্রবন্ধ পাঠানোর ঠিকানা</u>


সম্পাদক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় জার্নাল
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
(প্রশাসনিক ভবন-০৩, ৮ম তলা)
ওয়েস্ট ধানমন্ডি বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
ই-মেইল: kamilcenter.iau@gmail.com
মোবাইল: ০১৬৪৮-৪৫৩০১৫


ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

04.07.24


প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ
সম্পাদক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় জার্নাল
ও
প্রো-ভাইস চ্যান্সেলর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
ই-মেইল: provciau@gmail.com

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. শিক্ষক/কর্মকর্তা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ........................................................................(সকল)
২. অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের আওতাধীন ফাজিল ও কামিল মাদরাসা (সকল)
(বিজ্ঞপ্তিটি তার মাদরাসার শিক্ষক/শিক্ষার্থী/গবেষকদের মাঝে প্রচারের জন্য অনুরোধ করা হলো)

স্মারক নং- ইআবি.কামিল কেন্দ্র.জার্নাল.২০২২.ভলি-০১.০০৫.পার্ট নথি-০১.০০১২৪-(২০) তারিখ: ২০ আষাঢ়, ১৪৩১
০৪ জুলাই, ২০২৪

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. চেয়ারম্যান, ইসলামিক স্টাডিজ/আরবি/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
২. চেয়ারম্যান, ইসলামিক স্টাডিজ/আরবি/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়
৩. চেয়ারম্যান, ইসলামিক স্টাডিজ/আরবি/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়
৪. চেয়ারম্যান, ইসলামিক স্টাডিজ/আরবি/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৫. চেয়ারম্যান, আল-কুরআন এন্ড ইসলামিক স্টাডিজ/আল-হাদীস এন্ড ইসলামিক স্টাডিজ/দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ/আরবি ভাষা ও সাহিত্য/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/আল-ফিকহ এন্ড লিগ্যাল স্টাডিজ বিভাগ, ইসলামি বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া
৬. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
৭. রেজিস্ট্রার,সরকারী/বেসরকারী বিশ্ববিদ্যালয় ........................................................................ (সকল)
৮. পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
৯. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
১০. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
১১. সহকারী পরিদর্শক/সেকশন অফিসার, মাদরাসা পরিদর্শন দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
১২. পিএস টু ভিসি, ভিসি দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (মাননীয় ভাইস-চ্যান্সেলরের সদয় অবগতির জন্য)
১৩. পিএস টু প্রো-ভিসি, প্রো-ভিসি দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলরের সদয় অবগতির জন্য)
১৪. সেকশন অফিসার, ট্রেজারারের কার্যালয়, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (মাননীয় ট্রেজারারের সদয় অবগতির জন্য)
১৫. সেকশন অফিসার, ফাজিল (স্নাতক) শিক্ষা বিষয়ক কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
১৬. সেকশন অফিসার, কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
১৭. সেকশন অফিসার, জনসংযোগ তথ্য ও পরামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
(তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১৮. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা
(তাকে বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১৯. সংশ্লিষ্ট নথি
২০. মহানথি

04/07/2024

(মুহাম্মদ আরিফুল ইসলাম)
সেকশন অফিসার
মোবাইল: ০১৬৪৮-৪৫৩০১৫
ই-মেইল: mdariful.iaubd@gmail.com